আলমডাঙ্গার গোবিন্দপুরে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

আলমডাঙ্গার গোবিন্দপুর জোহা মাঠে মুক্তিযোদ্ধা নূর মোহাম্মদ স্মৃতি সংঘ স্পোটিং ক্লাবের আয়োজনে মুক্তিযোদ্ধ মিনি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে অনুণ্ঠিত এ ফাইনাল খেলায় গোবিন্দপুর এশিয়া স্পোটিং ক্লাব ৩-০ গোলে বেগুয়ালখাল জেএস স্পোটিং ক্লাবকে পরাজিত করে এ টুর্নোমন্টে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।
খেলার প্রথমার্ধে তরুন দুটি ও দেলোয়ার একটি গোল করে দলকে এগিয়ে রাখন। দ্বিতীয়ার্ধে আর কোন গোল না হলে শেষ পর্যন্ত এশিয়া স্পোটিং ক্লাব ৩ গোলে বিজয়ী হয়।

এ খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম মেম্বার শেখ সামসুল আবেদীন খোকন।

পুরস্কার বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে শেখ সামসুল আবেদীন খোকন বলেন,আজকে এই মাঠে যে দুটি দল খেলা করেছে,দুটি দলই ভালো খেলা উপহার দিয়েছে। যারা বিজয়ী হয়েছে তাদের ও পরাজিত হয়েছে তাদেরকেও ধন্যবাদ জানায়।

তিনি বলেন,সুস্থ জাতি গঠনে খেলাধুলার কোন বিকল্প নেই। আজকে আমাদের দেশের ছেলে মেয়েরা ভালো খেলার মাধ্যমে দেশ বিদেশে সুনাম অর্জন করে বিরল সম্মান বয়ে আনছে। তাই যারা এখানে উপস্থিত আছে সকলের উদ্দেশ্যে বলবো, লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় এগিয়ে আসতে হবে। যুব সমাজকে সঠিক পথে পরিচালিত করতে হলে অবশ্যই খেলাধুলায় মনোনিবেশ করতে হবে।

বর্তমান সরকার খেলার প্রতি যথেষ্ট নজর দিয়েছে। তৃণমূল থেকে খেলোয়াড়দের তুলে আনতেনিয়মিত বঙ্গবন্ধু, বঙ্গমাতা ফুটবল খেলা হচ্ছে। ক্রিকেট,হকি,ভলিবল সব ধরনের খেলা হচ্ছে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ৮ নং ওয়ার্ড কাউন্সিলর আশরাফুল হক বাবুর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় যুবলীগের কার্যকরী কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,জেলা যুবলীগের সদস্য প্রফেসর মাহাবুল ইসলাম সেলিম,জেলা ক্রীড়া সংস্থার সহসভাপতি এ্যাডভোকট ফিরোজ,সাবেক কাউন্সিলর জাইদুল ইসলাম,সুমন,রুবেল মিয়া প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাব্বির আহম্মেদ। খেলাটি পরিচালনা করেন সোহাগ আলী । সহকারী ছিলেন মোমিন ও ননি।

দামুড়হুদায় দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

দক্ষিন পশ্চিমাঞ্চলের জনপ্রিয় দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়েছে। আজ বৃহস্পতিবার রাত ৮ টার সময় দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা অফিসের আয়োজনে অফিস কক্ষে কেক কেটে প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।

দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোঃ আরিফুল ইসলাম মিলন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মডেল থানার নবাগত ওসি তদন্ত শেখ মাহাবুবুর রহমান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও জাতীয় দৈনিক ইত্তেফাক পত্রিকার দামুড়হুদা উপজেলা প্রতিনিধি মো: মনিরুজ্জামান ধীরু।

এসময় অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার কার্পাসডাঙ্গা প্রতিনিধি মেহেদী হাসান মিলন, সাংবাদিক বিল্লাল হোসেন, দৈনিক জনতার ইশতেহার পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি রাজু আহাম্মেদ, সাংবাদিক মিরাজ রায়হান প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার হাউলী প্রতিনিধি আনারুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর বলেন, দেশের যেকোনো উন্নয়নমূলক কাজ বা ভালো-মন্দ এবং সম্ভাবনা সবকিছুই আমরা সাংবাদিকদের লেখনির দ্বারা পত্রিকার মাধ্যমে দেশের মানুষ সবকিছু জানতে পারে। তাই সাংবাদিক এবং সংবাদপত্র দেশের জন্য খুবই গুরুত্বপূর্ণ কাজ করে। আমরা যারা আইনের লোক আছি তারা সব সময় চাই সাংবাদিকদের মাধ্যমে সংবাদপত্রে যেন বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করা হয়। আপনারা কেউ ভুল তথ্য দিয়ে কোন সংবাদ পরিবেশন করবেন না। আমি দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি। সাংবাদিক পুলিশ আমরা ভাই ভাই, আমরা সবাই কাঁধে কাঁধ মিলিয়ে দেশের উন্নয়নে কাজ করবো, আজ দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকীতে এই হোক আমাদের সকলের প্রত্যয়।

দামুড়হুদায় দুরারোগে আক্রান্ত ৩৮জন রোগীর মাঝে চেক বিতরণ

দামুড়হুদায় দুরারোগ্য আক্রান্ত রোগীদের মাঝে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১২টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিক ভাবে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়।

দামুড়হুদা উপজেলা সমাজসেবার আয়োজনে উপজেলার দুরারোগে আক্রান্ত ৩৮জন রোগীরে ১৯লাখ টাকার চেক প্রদান করা হয়। চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো আলি আজগর টগর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চেকগুলো বিতরণ করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।দর্শনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জেল হোক,উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা সদর ইউনিয়ন

পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, উপজেলা আওয়ামীলীগের অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা।

আলমডাঙ্গায় আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্টিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে (মাসিক) আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে । আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

এসময় বুধবার আলমডাঙ্গা সরকারি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে দুই পক্ষের শিক্ষকের মারামারির ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছে কমিটির সদস্যরা। এছাড়াও উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি পূর্বের তুলনায় ভালো হওয়ায় প্রশংসা করেছে উপস্থিত ইউপি চেয়ারম্যানবৃন্দ। এছাড়াও বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করেছে উপস্থিত উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ও পুলিশ প্রশাসন। সার্বিক বিষয় গুলো উপজেলা প্রশাসনের নিকট উপস্থাপন করেন কমিটির নেতৃবৃন্দরা ।

মাসিক আইনশৃঙ্খলা (মাসিক) সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহি অফিসার স্নিগ্ধা দাস। এছাড়াও প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন।

তিনি বলেন, পূর্বের তুলনায় বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিত অনেকটা ভালো। তবে উপজেলায় মাদক বিক্রেতাদের গ্রেপ্তার না করে, সেবীদের গ্রেপ্তার প্রবণতা দেখা যাচ্ছে। কিন্তু প্রকৃতি মাদক ব্যবসায়ীরা ধরা ছোঁয়ার বাইরে থাকছে। এতে সমাজ থেকে মাদক বন্ধ করা যাবে না। মাদক নির্মূল করা কঠিন। মাদক নিয়ন্ত্রণ করতে যথাযথ গুরুত্বর ভূমিকা গ্রহণ করতে হবে উপজেলা ও পুলিশ প্রশাসনকে।

তিনি আরো বলেন,’ আলমডাঙ্গা সরকারি স্কুলের শিক্ষক শিক্ষকে মারামারি ঘটনাটি বিভিন্ন পত্রিকায় ফলাও করে প্রকাশিত হয়েছে। এটা

দর্শনায় ৫০ লিটার রেকটিফাইড স্পিরিট, ৬ বোতল ফরেন লিকারসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বোতল বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট সহ একজনকে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

জানাগেছে আজ বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টার দিকে দর্শনা কেরু এন্ড কোম্পানি কোয়াটার থেকে তাকে গ্রেফতার করে।দর্শনা কেরুজ ই-টাইপ ৩৫ নং বাসা থেকে তাকে ৬ বোতল বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট বাড়ির ভিতর থেকে উদ্ধার করে।

গ্রেফতার ওয়াসিমকে উদ্ধারকৃত মাদকসহ দর্শনা থানায় হস্তান্তর করেন এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিদর্শক আকবর হোসেন বাদী হয়ে দর্শনা থানায় একটি নিমিত মামলা দায়ের করেন।

গ্রেফতারকৃত ওয়াসিম (৩০) দর্শনা পৌরসভার আনোয়ারপুর এলাকার মো. আব্দুর রহিমের ছেলে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, পরিদর্শক নাজমুল হেসেন খান ও উপপরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেনের নেতৃত্বে দর্শনা থানাধীন বিভিন্ন এলাকায় মাদক বিরোধী অভিযান চালিয়ে এ সব মাদক উদ্ধার করে। এসময় কেরু কোম্পানির ই-টাইপ ৩৫ নং বাসা থেকে ৬ বোতল ফরেন লিকার বিলাতি মদ ও ৫০লিটার রেকটিফাইড স্পিরিট উদ্ধার সহ ওয়াসিম নামের একজনকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। এ ঘটনায় দর্শনা কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারেফ হোসেন বলেন এ বিষয়ে আমার কাছে সসমাদকদ্রব্য নিয়ন্ত্রনের এডি ফোন করেছিলো আমি বলেছি মাদকের বিষয়ে কোন প্রকার আপোষ নেই আপনাদের মতো আপনারা ব্যাবস্থা নিন। কোন প্রকার কেরুর ভিতরে মাদক ব্যাবসা চলবে না।

গতকালই তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার-বীজ বিতরণ

দামুড়হুদায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার -বীজ বিতরণ অনুষ্ঠান কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলা পরিষদ চত্বরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কার্যক্রমের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর (এমপি)।

বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার উল্লেখ করে এমপি বলেন,সরকার কৃষিকে আধুনিক ও বানিজ্যিক ভাবে লাভবান করতে কৃষকদের মাঝে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার কৃষকদের বিনামূল্যে সার -বীজ সহ বিভিন্ন উপকরণ বিতরণ করে চলছেন,এতে কৃষকরা নতুন নতুন চাষাবাদে উদ্বুদ্ধ হচেছ।ফলে দেশের মানুষের ভাগ্য উন্নয়ন হচ্ছে। তিনি আরও বলেন, দেশকে এগিয়ে নিতে হলে কৃষিকে বিশেষ গুরুত্ব দিতে হবে, যেটি আমাদের সরকার করছে।

অনুষ্ঠানে কৃষকদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার। কৃষকদের বিষমুক্ত নিরাপদ ও পুষ্টি সমৃদ্ধ ফসল উৎপাদন করতে আহব্বান জানিয়ে তিনি বলেন,বর্তমান সরকার কৃষি ও কৃষকদের সার্বিক উন্নয়নে কাজ করে যাচ্ছেন।কৃষি ও কৃষকদের কল্যানে প্রনোদনার অংশ হিসাবে সরকার কোটি কোটি টাকা ব্যায়ে সার,বীজ সহ বিভিন্ন কৃষি উপকরণ দিয়ে আসছেন।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে সমবায় অফিসার হারুণ অর রশিদের সঞ্চালনায় উদ্ভোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা,উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি

মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মো:আতিয়ার রহমান হাবু।

অন্যদের মাঝে উপস্থিত ছিলেন,উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধান,উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ,উপকারভোগী কৃষকসহ স্থানীয় রাজনৈতিক ব্যাক্তিবর্গ প্রমুখ।

চুয়াডাঙ্গায় আফরোজা পারভীনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের সাহেবনগরে এই উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজ পারভিন এর নেতৃত্ব এই উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়।

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য হিসেবে নৌকায় মনোনয়ন প্রত্যাশি চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন এর নেতৃত্ব এই উঠান বৈঠক ও গণসংযোগ করা হয়। এ সময় তিনি উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য আবারো নৌকা মার্কায় ভোট চান এবং তিনি নৌকার মনোনয়ন পেলে চুয়াডাঙ্গা জেলা বাসীর উন্নয়নের জন্য কাজ করবেন ও শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়ার জন্যও কাজ করবেন বলে জানান তিনি।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন ,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং

ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাসিক অপরাধ পর্যালোচনা ও সাম্প্রতিক সভা

বাংলাদেশ পুলিশের অ্যাডিশনাল আইজি (ক্রাইম এন্ড অপস্) সভাপতিত্বে বেলা এগারোটার সময় আইজিপি মিনি কনফারেন্স রুমে সরাসরি ভিডিও কনফারেন্সের মাধ্যমে চুয়াডাঙ্গা জেলা পুলিশের জুলাই ও আগস্ট মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ থেকে উক্ত ভিডিও কনফারেন্সে সংযুক্ত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। ভার্চুয়ালি মিটিংয়ে দুই মাসের অপরাধ পরিসংখ্যান, এনইআর দাখিল, আসামির অনুপস্থিতে বিচার, আদালতের সাক্ষ্য প্রদান ও সাক্ষ্য দেয়ার আগে সাক্ষীকে ব্রিফিং প্রদান সংক্রান্ত তথ্য ও অভিজ্ঞতা, মামলার তদন্ত ও বিচারের ফলাফল এবং সাজার হার বিষয়ক গুরুত্বপূর্ণ আলোচনা হয়।

উক্ত কনফারেন্সে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান , কোর্ট পুলিশ পরিদর্শক নাসির উদ্দীন, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান, জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ চুয়াডাঙ্গাসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে।

এ সময় দর্শনা থানার এসআই নীতিশ বিশ্বাস গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের কবর স্থানের পাকা রাস্তার উপর। পুলিশ হাবিবুর রহমান তুফানকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত তুফানের দেহ তল্লাশি করে নগদ ২৭ হাজার টাকা ২ শ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে। এ ঘটনায় পুলিশ বাদি হয়ে পলাতক হিসাবে আরও ২ জনের বিরুদ্ধে মামলা দায়ের করে। আজ তাকে এস আই নীতীশ বিশ্বাস বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করে।